

ভালোবাসার শেকল

রাহিমা চৌধুরী ডলি

কত মাস এলো গেলো  
তবু কিছু হোলো না,  
আজ কেন হয়ে গেলো  
তা আমি বুঝি না ।

যখন আমার সব ছিল  
তখন তুমি ছিলে না,  
আজ যখন তোমায় পেলাম  
তখন আমার কিছু রইল না ।

তোমার মাঝে হারিয়ে গেলাম  
নিজেরই অজান্তে,  
তুমিও যে হারিয়ে যাবে  
তাকি তুমি জানতে?

কি যে সুখ ভালোবাসায়  
তা তুমি শেখালে,  
ভালোবাসার শেকলে তুমি  
আমাকে জড়ালে ।